# AKASHVANI(AIR)
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 09-07-2026** **Time: 1.30 PM**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১। অস্ট্রেলিয়া সফররত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মেলবোর্নে, সেদেশের প্রধানমন্ত্রী অ্যান্থনি অ্যালবানিজের সঙ্গে বৈঠক করবেন।

২। সাম্প্রতিক বিশ্বে জটিল রাজনৈতিক পরিস্থির প্রেক্ষিতে প্রতিরক্ষা ও নিরাপত্তা সহযোগিতাই ভারত ও অস্ট্রেলিয়ার অংশীদারিত্বের মূল ভিত্তি বলে যৌথ বিবৃতিতে জানানো হয়েছে।

৩। ২০৩০ সালের মধ্যে ভারত অস্ট্রেলিয়া দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ১০০ বিলিয়ন মার্কিণ ডলারেউন্নীত করা হবে বলে প্রধানমন্ত্রী জানিয়েছেন।

৪। মার্কিণ যুক্তরাষ্ট্র, ইরানের বিরুদ্ধে নতুন করে হামলা চালিয়েছে। ইরানও মার্কিণ ঘাঁটিতে পাল্টা হামলা চালাচ্ছে।

৫। ফিফা বিশ্বকাপের প্রথম কোয়ার্টার ফাইনালে আজ রাতে ফ্রান্স মরক্কোর বিরুদ্ধে খেলবে।

---------------------------------------------------------------------------------------------------

অস্ট্রেলিয়া সফররত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মেলবোর্নে, সেদেশের প্রধানমন্ত্রী অ্যান্থনি অ্যালবানিজের সঙ্গে বৈঠক করবেন। বাণিজ্য, প্রতিরক্ষা, প্রযুক্তি, শিক্ষা

এবং দু-দেশের মানুষের মধ্যে যোগাযোগ বৃদ্ধি নিয়ে দুই নেতা কথা বলবেন। ভারত – অস্ট্রেলিয়া সু-সংহত কৌশলগত অংশীদারিত্বে প্রধানমন্ত্রীর এই সফর নতুন গতি সঞ্চার করবে বলে মনে করা হচ্ছে। শ্রী মোদী ভারত, অস্ট্রেলিয়া CEO ফোরামে অংশ নেবেন। দু-দেশের শীর্ষ স্থানীয় ব্যবসায়ী নেতৃবৃন্দের উদ্দেশেও বক্তব্য রাখবেন তিনি। মেলবোর্নে আয়োজিত একটি বিশেষ অনুষ্ঠানে সেদেশের প্রবাসী ভারতীয়দের সঙ্গে কথা বলবেন।

উল্লেখ্য, তিনদিনের সফরে গত সন্ধ্যায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মেলবোর্ন পৌঁছন। সেদেশে পৌঁছনোর পরই ভারতীয়রা যেভাবে তাঁকে স্বাগত জানিয়েছেন, সেজন্য প্রধানমন্ত্রী তাঁদেরকে ধন্যবাদ জানান।

অস্ট্রেলিয়ায়, ভারতের হাইকমিশনার নাগেশ সিং বলেছেন, শ্রী মোদী তৃতীয়বারের জন্য অস্ট্রেলিয়া সফর দু-দেশের দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও মজবুত করবে। অভিন্ন কৌশলগত স্বার্থ এবং অংশীদারিত্ব, বিভিন্ন ক্ষেত্রে দু-দেশের সহযোগিতা মজবুত করবে বলে আশা প্রকাশ করেন তিনি।

----------------

ক্রমবর্ধমান জটিল কৌশলগত পরিস্থিতিতে প্রতিরক্ষা ও নিরাপত্তা সহযোগিতাই অংশীদারিত্বের মূল ভিত্তি বলে ভারত ও অস্ট্রেলিয়া যৌথ বিবৃতিতে তা পুনর্ব্যক্ত করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি অ্যালবানিজ প্রতিরক্ষা ও নিরাপত্তা সহযোগিতা বিষয়ক যৌথ ঘোষণা পত্র আজ প্রকাশ করেছেন। এই ঘোষণাপত্রে উভয় নেতাই ভারত-অস্ট্রেলিয়া সামুদ্রিক ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির বিষয়ে সম্মত হয়েছেন। এর মধ্য দিয়ে ভারত ও অস্ট্রেলিয়া একটি শান্তিপূর্ণ ও সমৃদ্ধ ভারত- প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের প্রতি তাদের যৌথ অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছে এবং স্বীকার করে নিয়েছে যে, আঞ্চলিক নিরাপত্তার জন্য কার্যকর

সামুদ্রিক সহযোগিতা অপরিহার্য। যৌথ ঘোষণার পর বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একটি শান্তিপূর্ণ, স্থিতিশীল ও সমৃদ্ধ ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের যৌথ লক্ষ্যের ক্ষেত্রে সামুদ্রিক সহযোগিতার কেন্দ্রীয় ভূমিকার ওপর জোর দেন।

বাইট মোদী

---------------

অস্ট্রেলিয়া সফররত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং সেদেশের প্রধানমন্ত্রী অ্যান্থনি আলব্যানিজ আজ মেলবোর্নে ভারত-অস্ট্রেলিয়া সিইও ফোরাম এবং ইকোনমিক রোডম্যাপ বিজনেস রিসেপশন-এ বক্তব্য রাখেন।

শ্রী মোদি বলেন, ভারত-অস্ট্রেলিয়া অংশীদারিত্ব বর্তমানে একটি রূপান্তরমূলক এবং হাই-টেক যুগে প্রবেশ করেছে। ২০৩০ সালের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ১০০ বিলিয়ন মার্কিন ডলারে উন্নীত করার লক্ষ্যে একটি রূপরেখা সকলের সামনে তুলে ধরেন তিনি।

নানান প্রতিকূলতার মধ্যে বিশ্ব জুড়ে সরবরাহ শৃঙ্খল ব্যাহত হওয়ার সত্ত্বেও, ভারত এবং অস্ট্রেলিয়া একযোগে পরিস্থিতির মোকাবিলা করছে। বাণিজ্যিক ক্ষেত্রে সহযোগিতা আরও মজবুত করার আহ্বান জানিয়ে তিনি বলেন, ভারত ২০৩০ সালের মধ্যে ৫০০ গিগাওয়াট পুনর্নবীকরণযোগ্য শক্তি উৎপাদন ক্ষমতা অর্জন এবং ২০৭০ সালের মধ্যে কার্বন নির্গমন শূন্যে নামিয়ে আনা এবং ২০৪৭ সালের মধ্যে ১০০ গিগা ওয়াট পারমাণবিক শক্তি উৎপাদন ক্ষমতা অর্জনের লক্ষ্যমাত্রা নিয়েছে। এক্ষেত্রে অস্ট্রেলিয়ার ইউরেনিয়াম জোগানোর প্রসঙ্গও উল্লেখ করেন তিনি।

বাইট

অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্তনীয় অ্যালবানিজ বলেন, ভারত বর্তমানে বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতি হওয়ার দৌড়ে রয়েছে। ভারত, অস্ট্রেলিয়া সম্পর্ক সুসংহত, ভবিষ্যতমুখী অংশীদারিত্বের পর্যায়ে উন্নীত হয়েছে। ভারতের জাতীয় বিনিয়োগ এবং পরিকাঠামো তহবিলে অস্ট্রেলিয়ান সুপারের অতিরিক্ত পাঁচশো মিলিয়ান বিনিয়োগের কথাও তার বক্তব্যে উঠে আসে।

বাইট

----------------

তিন দেশ সফরের প্রথম পর্যায়ে প্রধানমন্ত্রী ইন্দোনেশিয়ার সঙ্গে বেশ কয়েকটি মৌ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ইন্দোনেশিয়ায় যানবাহন শৃঙ্খলা নিয়ে প্রধানমন্ত্রীর সফরসঙ্গী আকাশবাণীর প্রতিনিধি সন্দীপন দাশগুপ্ত জানিয়েছেন, দিল্লি, কলকাতা বা বেঙ্গালুরুর মতো ভারতের বড় বড় শহরের মানুষ যখন ইন্দোনেশিয়ায় বেড়াতে যান, তখন সেখানকার রাস্তায় পা দিয়েই যে জিনিসটা তাঁদের সবচেয়ে আগে চোখে পড়ে, তা হলো এক অদ্ভুত শান্ত পরিবেশ। এমনকি ব্যস্ততম রাজধানী জাকার্তায় রোজ হাজার হাজার গাড়ির ভিড় লেগে থাকলেও, আমাদের চেনা শহরের মতো সেখানে অহেতুক বিরক্তিকর হর্নের আওয়াজ একেবারেই উধাও। ইন্দোনেশিয়ার ট্রাফিক শৃঙ্খলা দেখলে মনে হয়, এটা যেন ওখানকার মানুষের একটা রোজকার নিয়ম।

আসলে ইন্দোনেশিয়ায় চালকেরা হর্ন বাজান শুধুমাত্র চরম বিপদে পড়লে বা অন্য কাউকে সতর্ক করার জন্য। তা ছাড়া বাকি সময়টায় ধৈর্য এবং পারস্পরিক সম্মান বজায় রেখে রাস্তায় গাড়ি চলে। ইন্দোনেশিয়ার জীবনযাত্রায় অপ্রয়োজনীয় হর্ন বাজানোকে সাধারণত অভদ্রতা হিসেবে দেখা হয়। ঠাণ্ডা মাথায় গাড়ি চালানোর এই অভ্যাসের কারণে ওখানকার রোজকার যাতায়াত অনেকটাই চাপমুক্ত। একইসঙ্গে এটা

ওখানকার মানুষের নাগরিক সচেতনতারও একটা মস্ত বড় প্রমাণ, যেখানে জনজীবনে অন্যের সুবিধার কথা ভাবাটাকে ভীষণ গুরুত্ব দেওয়া হয়।

আমাদের মতো দেশের পর্যটকদের কাছে—যেখানে হর্ন বাজানোকে গাড়ির একটা আবশ্যিক অংশ বলেই ধরে নেওয়া হয়—সেখানে ইন্দোনেশিয়ার এই শান্ত আর নীরব রাস্তাঘাট সত্যিই এক দারুণ স্বস্তির অভিজ্ঞতা এনে দেয়।

----------------

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন আজ ভুবনেশ্বরের ওড়িশা কৃষি ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভারতের গভীর সমুদ্রের মৎস্য সম্পদের দীর্ঘমেয়াদি ব্যবহারের লক্ষ্যে এক যুগান্তকারী জাতীয় প্রকল্পের সূচনা করেছেন। 'ব্লু ইকোনমি' বা সমুদ্রনির্ভর অর্থনীতিকে দেশের সমৃদ্ধির এক অন্যতম হাতিয়ার হিসেবে বর্ণনা করে তিনি যুবসমাজকে আধুনিক ও প্রযুক্তিনির্ভর মৎস্য চাষ এবং সামুদ্রিক পেশাকে আপন করে নেওয়ার আহ্বান জানান। তিনি উল্লেখ করেন যে, এই ক্ষেত্রটিই আগামী দিনে 'বিকশিত ভারত' গড়ার প্রধান ভিত্তি হয়ে উঠবে।

----------------

দেশে কৃষিকাজে আধুনিক যন্ত্রপাতির ব্যবহার বাড়াতে সরকার এক বড় উদ্যোগ নিয়েছে। কৃষি যান্ত্রিকীকরণ উপ-মিশনের অধীনে, এ পর্যন্ত দেশজুড়ে কৃষকদের প্রায় ২২ লক্ষ কৃষি যন্ত্রপাতি দেওয়া হয়েছে, যার মোট মূল্য ৯ হাজার ৪০৪ কোটি টাকা। দেশের কৃষিকাজে উৎপাদন বাড়াতে ২০১৪-১৫ সালে এই প্রকল্প চালু করা হয়েছিল।

এর লক্ষ্য হলো জমি তৈরি, বীজ বোনা, জল সেচ, ফসলের সুরক্ষা এবং ফসল কাটা থেকে শুরু করে তা ঘরে তোলা পর্যন্ত—চাষের প্রতিটি ধাপে আধুনিক মেশিন ও

উন্নত প্রযুক্তির ব্যবহার বাড়ানো। দেশের সব এলাকায় যাতে সমানভাবে এই সুবিধা পৌঁছায়, তার জন্য পিছিয়ে পড়া এবং উত্তর-পূর্বের রাজ্যগুলোর ওপর বিশেষ জোর দেওয়া হয়েছে। এছাড়া, দেশজুড়ে আধুনিক প্রযুক্তির কৃষিকাজ জনপ্রিয় করতে ৫২ কোটি টাকারও বেশি আর্থিক সাহায্যে প্রায় ৪১ হাজার ড্রোনের মাধ্যমে প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

---------------

মার্কিণ যুক্তরাষ্ট্র আজ সকালে ইরানের বিরুদ্ধে নতুন করে বিমান হামলা চালিয়েছে। এর জবাবে তেহরান- বাহরিন, কুয়েত ও কাতারে মার্কিন ঘাঁটি লক্ষ্য পাল্টা হামলা চালায়। এতে দুই পক্ষের মধ্যে সংঘাত তীব্র হয়ে উঠেছে এবং পারস্য উপসাগরে যুদ্ধ অবসানের লক্ষ্যে করা অন্তর্বর্তীকালীন চুক্তিটি অস্তিত্বহীন হয়ে পড়েছে। হরমুজ প্রণালীতে চলাচল করা জাহাজগুলোর ওপর ইরানের সাম্প্রতিক হামলা যুদ্ধবিরতির ভঙ্গ হয়েছে বলে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের এমন মন্তব্যের কয়েক ঘণ্টা পরই এই হামলা চালানো হল। এর আগে গতকাল ভোরে মার্কিন যুক্তরাষ্ট্র ইরানের বেশ কিছু সামরিক ঘাঁটি বন্দর এলাকায় আঘাত হানে। ওমান উপকূলের কাছে বেশ কয়েকটি বাণিজ্যিক জাহাজে ইরানের হামলার প্রেক্ষিতেই ওই পাল্টা পদক্ষেপ নেওয়া হয়েছিল। আজকের আক্রমণ ও পাল্টা উভয় পক্ষের দিক থেকেই আরও বড় আকারের ছিল বলে মনে হয়েছে। মার্কিন নৌবাহিনীর ৫ম বাহিনীর সদর দপ্তর বাহরিনে অন্তত দুবার সাইরেনের শব্দ শোনা গেছে। বাহরিন, কুয়েত বা কাতারে ক্ষয়ক্ষতির বিষয়ে তাৎক্ষণিকভাবে কোনো তথ্য পাওয়া যায়নি। কুয়েতের সেনাবাহিনী জানিয়েছে, সে দেশের দিকে নিক্ষেপ করা ড্রোন

ও ক্ষেপণাস্ত্রগুলোকে প্রতিহত করা সম্ভব হয়েছে। বাহরিন ও কুয়েতে হামলার দায় ইরানের রেভলু্যশনারি গার্ড স্বীকার করেছে।

অন্যদিকে, মার্কিন সামরিক বাহিনীর সেন্ট্রাল কমান্ড জানিয়েছে, তারা ইরানের বিভিন্ন স্থানে প্রায় ৯০টি লক্ষ্যবস্তুতে আঘাত হেনেছে। সরগুলির ছবিও প্রকাশ করেছে। মার্কিণ যুক্তরাষ্ট্র জানিয়েছে, হরমুজ প্রণালীতে নৌ-চলাচলের অবাধ স্বাধীনতা ফিরিয়ে আনাই এই আক্রমণের উদ্দেশ্য।

----------------

জম্মু ও কাশ্মীরের কাঠুয়া জেলায় গতকাল নিরাপত্তা বাহিনী জঙ্গিদের একটি গোপন আস্তানা খুঁজে বের করেছে এবং সেখান থেকে দুটি হ্যান্ড গ্রেনেড উদ্ধার করেছে। আকাশবাণী জম্মুর সংবাদদাতা জানিয়েছেন যে, ওভারগ্রাউন্ড ওয়ার্কার বা জঙ্গিদের সহায়তাকারি হাজি লতিফের দেওয়া তথ্যের ভিত্তিতে জেলার বিল্লাওয়ার এলাকার উঁচু পাহাড়ি অঞ্চলে এই আস্তানাটি খুঁজে পাওয়া যায়। রাবাগের বাসিন্দা লতিফকে গত ২ জুলাই গ্রেপ্তার করা হয়েছিল। তার বিরুদ্ধে গত কয়েক বছরে সীমান্ত পেরিয়ে এক ডজনেরও বেশি জঙ্গির অনুপ্রবেশে সহায়তা করার অভিযোগ রয়েছে এবং পুলিশ ও অন্যান্য নিরাপত্তা সংস্থা যৌথভাবে তাকে জিজ্ঞাসাবাদ করছে।

হিরানগর সেক্টরের ববিয়া সীমান্ত গ্রাম থেকে গকাল সন্দেহভাজন এক ব্যক্তিকে আটক করেছে সীমান্ত নিরাপত্তা বাহিনী। নিজেকে প্রেম বলে পরিচয় দেওয়া বছর ৪৫ ওই ব্যক্তিকে জিজ্ঞাসাবাদের জন্য পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে।

----------------

বিশ্বকাপ ফুটবলে, শেষ আটের পর্ব শুরু হবে আজ। প্রথম কোয়ার্টার ফাইনালে ফ্রান্স, মরোক্কোর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে ভারতীয় সময় রাত দেড়টায়। শনিবার ভারতীয় সময় রাত সাড়ে বারোটায় বেলজিয়াম, স্পেনের মোকাবিলা করবে। রবিবার ইংল্যান্ডের বিরুদ্ধে এই প্রথম বার ফিফা বিশ্বকাপের কোয়ার্টার ফাইনালে মাঠে নামতে চলেছে নরওয়ে। ঐ দিনই আর্জেন্টিনা খেলবে সুইজারল্যান্ডের বিরুদ্ধে।

আগেই জানানো হয়েছে, আর্জেন্টিনা ও সুইজারল্যান্ড কোয়ার্টার ফাইনালে উঠেছে। ৭২ বছর পর কোয়ার্টার ফাইনালে উঠে ইতিহাস সৃষ্টি করেছে সুইজারল্যান্ড।

রাউন্ড অফ সিক্সটিনের খেলায়, পেনাল্টি শ্যুট আউটে, সুইজারল্যান্ড ৪-৩ ব্যবধানে কলম্বিয়াকে পরাজিত করে। এদিকে, অন্য খেলায়, রুদ্ধশ্বাস ম্যাচে, আর্জেন্টিনা ৩-২ গোলে মিশরকে হারিয়ে দিয়েছে।

--------------- ---------------